



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

২ নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা

www.bmeb.gov.bd

শিক্ষা নিয়ে গড়ব দেশ,
শেখ হাসিনার বাংলাদেশ

স্মারক নম্বর: ৫৭.১৬.০০০০.০০৯.২৭.০০৪.২৩.৭১৪৭

তারিখ: ১৯ জ্যৈষ্ঠ ১৪৩১ বঙ্গাব্দ
০২ জুন ২০২৪ খ্রিস্টাব্দ

বিষয়: ম্যানেজিং কমিটি ভেঞ্চে দেয়া প্রসঙ্গে

সূত্র: ১। নং বামাশিবো/প্রশা/224221226931/73489/নথি নং -191 তারিখ: 07-11-2022 খ্রিঃ

২। স্মারক নং- ৫৭.১৬.০০০০.০০৯.২৭.০০৪.২৩.৭০৭৮; তারিখ ২৭ আগষ্ট ২০২৪

৩। স্মারক নং- ০৫.৪৭.৪৯০০.০১৫.০৩.০০৫.২৩.১১৬; তারিখ ০১ এপ্রিল ২০২৪

৪। স্মারক নং-৫৭.১৬.০০০০.০০৯.১৬.০০৫.২৩.৭১৪৪; তারিখ: ১৬ মে ২০২৪

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, কুড়িগ্রাম জেলার উলিপুর উপজেলাধীন নাগড়াডুড়া দারুল উলুম দাখিল মাদ্রাসার ম্যানেজিং কমিটি সূত্রোক্ত ১নং স্মারকে অনুমোদন দেয়া হয়। জনাব ফিরোজ শাহ আলম কর্তৃক দাখিলকৃত ম্যানেজিং কমিটি গঠনে বিভিন্ন অনিয়মের অভিযোগের প্রেক্ষিতে অভিযোগের বিষয়ে তদন্তের জন্য উপজেলা নির্বাহী অফিসার, উলিপুর, কুড়িগ্রামকে পত্র দেয়া হয়। তদন্তকারী কর্মকর্তা তদন্তপূর্বক মতামত প্রদান করেন। ইতোমধ্যে অভিযোগকারী উক্ত তদন্ত প্রক্রিয়া যথাযথভাবে সম্পন্ন হয়নি মর্মে তিনি উচ্চতর তদন্তের জন্য আবেদন করেন। যার প্রেক্ষিতে জেলা প্রশাসক, কুড়িগ্রাম-কে সূত্রোক্ত ২নং স্মারকে পত্র প্রেরণ করা হয়। জেলা প্রশাসক সূত্রোক্ত ৩ নং স্মারকে একটি তদন্ত প্রতিবেদন বোর্ডে প্রেরণ করেন। প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, ইবতেদায়ী শাখার ৮৮ জন অভিভাবক সদস্যের ভোটার তালিকা ত্রুটিপূর্ণ ও অসামঞ্জস্যপূর্ণ এবং ইবতেদায়ী শাখার ভোটার তালিকা জালিয়াতি সংক্রান্ত অভিযোগ সত্য মর্মে প্রতীয়মান হয়। অভিযোগ প্রমাণিত হওয়ায় সভাপতি এবং সুপারকে ০৭ কার্যদিবসের মধ্যে কারণ দর্শানোর জন্য সূত্রোক্ত ৪নং স্মারকে পত্র প্রেরণ করা হয়।

বর্ণিত অবস্থায়, ম্যানেজিং কমিটি গঠনে অনিয়মের অভিযোগ প্রমাণিত হওয়ায় বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা, ২০০৯ (২০১২ পর্যন্ত সংশোধিত) এর প্রবিধান ৩৮ এ প্রদত্ত ক্ষমতাবলে সূত্রোক্ত ১নং স্মারকে অনুমোদিত ম্যানেজিং কমিটি ভেঞ্চে দেয়া হলো এবং একই সাথে এডহক কমিটি গঠনের অনুমতি চেয়ে আবেদন করার জন্য মাদ্রাসা প্রধানকে অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

০২-০৬-২০২৪

প্রফেসর মোহাম্মদ মাহবুব হাসান

রেজিস্ট্রার (রুটিন দায়িত্ব)

০২-৯৬১২৮৫৮ (ফোন)

০২৫৮৬১৬৬৮১ (ফ্যাক্স)

info@bmeb.gov.bd

সুপার/ভারপ্রাপ্ত সুপার, নাগড়াডুড়া দারুল উলুম দাখিল মাদ্রাসা, ডাকঘর: সাতদরগাহ, উলিপুর, কুড়িগ্রাম।

স্মারক নম্বর: ৫৭.১৬.০০০০.০০৯.২৭.০০৪.২৩.৭১৪৭/১(৫)

তারিখ: ১৯ জ্যৈষ্ঠ ১৪৩১ বঙ্গাব্দ
০২ জুন ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম;
- ২। উপজেলা নির্বাহী অফিসার, উলিপুর, কুড়িগ্রাম;
- ৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, উলিপুর, কুড়িগ্রাম;
- ৪। জনাব ফিরোজ শাহ আলম, (অভিযোগকারী), ডাকঘর সাতদরগাহ, উলিপুর, কুড়িগ্রাম এবং
- ৫। পি ও টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।



০২-০৬-২০২৪
মোঃ ওমর ফারুক
উপ রেজিস্ট্রার